Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, on behalf of my party I support the resolution moved by the Leader of the House. As time is very short I shall only briefly deal with some of the important points which I wish to underline. I hope first of all that the gravity and the urgency of the situation will be reflected in the unanimity with which this resolution we wish to be passed in the Assembly. I also suggest that after what has happened yesterday in Parliament, that is, the Prime Minister's speech rejecting almost all our demands that are contained in this resolution the Chief Minister should along with some of us proceed, if possible, to Delhi this evening—to-night before the reply is given tomorrow in the Lok Sabha by the Prime Minister or the Home Minister. I also suggest that as an emergent measure the Session of the Assembly here continues for a few days more, so that after we know finally what happens in the Lok Sabha and the Rajya Sabha after our resolution reaches them, we may again sit together and discuss ways and means with regard to the task which we have to fulfil in the interests of the people of India, in the interests of the unity of the peoples of India. This resolution coming after the Prime Minister's speech has assumed, according to me, far greater significance as a united resolution of this House. The Prime Minister's speech, I am sorry to say, was really astounding; and assiduously an attempt has been made therein to cover up the reality of the situation in Assam, of the happenings in Assam. Such callousness and indifference is revolting. If his speech is only meant to shield the leaders and instigators of the anti-Bengalee riots in Assam and to cover up the guilt of the Government of India, the Assam Government and others in high places, it will not restore the confidence of the Bengalee-speaking people in Assam. On the other hand it will enrage the people of West Bengal by its hypocritical air. Newspapers in West Bengal have unfortunately been made the target of attack by the Prime Minister. Mr. Speaker, Sir, there might have been exaggeration in some of these papers in West Bengal about the happenings in Assam, but I ask that when the Government of India failed in its duty, when the Assam Government was trying to hide everything that was happening in Assam, when no news was permitted to come out of Assam, when for a few days papers were banned in Assam, did not our papers in

West Bengal carry out their duties honestly? Had they not put up out all they had put out, exaggeration apart, the world would not have known, the West Bengal would not have known about the tragic, diabolical happenings in Assam. The Prime Minister should have noted—though we may have differences over the fact that these papers are run by rich men in West Bengal—at least the part they played in preventing the riots in West Bengal after the news of Assam came into West Bengal. There is not the slightest doubt about that. I venture to suggest, Mr. Speaker, Sir, that Parliament and the Government of India will even at this stage give importance to this unanimous resolution which we are about to pass in this House if they at all treasure the unity oi the peoples of India. Sir, I shall not waste my time nor the time of the House recapitulating here the degrading and horrifying details of the diabolical crimes committed against the Bengali speaking people in Assam, but Mr. Speaker, Sir, I would wish to point ont with all the emphasis at my command from experience of riots in West Bengal before Independence and from knowledge of what has been happening in Assam that without the acts of omissions and commissions of the Government or at least a section of the Government, without a part of the Administration being involved, without a section of the people in high place giving the leadership. no large scale riots are possible for days together, weeks together in any part of India.

Can, Mr. Speaker, communications be disrupted, can telephone and telegraph lines be rendered useless, can 10,000 homes be burnt to ashes, can properties worth lakhs be looted in broad daylight, can women be dishonoured, can about a lakh of refugees be put on the run of whom about 40,000 have been forced to go to West Bengal, can raving hooligans command the streets for weeks together, without organisation and direction from the top? I do not believe it. We have had a lot of experience with regard to riots in West Bengal before independence. We, therefore, demand a judicial enquiry to find out all these so that Indian citizens irrespective of their language may feel safe so that they may carry on their avocations of life with dignity and honour. Here I might mention that I am in full ageement with whatever the Chief Minister has just now stated with regard to the purpose of the judicial enquiry. It is not to find out a culprit here and a culprit there with regard to a particular incident here or a particular incident there. It is with regard to the disturbances. It is the direction, the organisation, the leadership of these riots that we want to find out and that is why we want a judicial enquiry. Mr. Speaker, let not the perpetrators and instigators of the foul misdeeds in Assam feel that they can thus act with impunity to disrupt the Indian unity and hold at ransom the minority whenever they so desire. These leaders and perpetrators must be unearthed and placed before the bar of public opinion not only of Assam and West Bengal but throughout India so that never again recurrence of such events will take place anywhere in India. Similarly, law and order and rehabilitation work have been mentioned in the resolution. I am in full agreement with it. This must be supervised by a Central Minister for some time to come in order to inspire some amount of confidence among the non-Assamese people and for effective execution.

Sir, a dangerous situation that has arisen in Assam is not so much the continuation of the riots but the fact that some of the rioters in

different areas have all overnight become leaders of Peace Squads with disastrous consequences for the refugees. Neither the Government of India nor the Parliamentary Delegation seem to have considered this aspect of the matter.

As regards the other point, viz. calling a conference which regard to the language issue, I am in full agreement with whatever is stated in the resolution and I need not dilate on this point. This is the only logical things to do when people speaking so many languages in the hills, in Cachar and other places reside in Assam. West Bengal has demonstrated her feelings and protest by peaceful strikes and demonstrations by unfortunalely having had to take the step of cancelling all celebrations on the 15th August. West Bengal has, I am proud to say, in all its movements, true to her noble traditions, maintained absolute unity of all sections of the people in West Bengal and prevented any riots. Our demands are absolutely the minimum. We are not asking the Central Government to act as it acted in the case of Kerala in a far more tranquil sphere. If even these minimum demands are rejected and a solution is not found to the problems in Assam, we urge upon the Government of West Bengal to honour this resolution, which we hope to pass unanimously, by taking effective steps in the interests of West Bengal, in the interests of the Bengali-speaking people of Assam and above all, in the interests of the unity of India. These interests, according to me, are greater than the interests of a handful of people in Delhi who seek to cover up the crimes against humanity, crimes against the nation. If our unanimous resolution is relegated to the scrap-heap after it reaches Delhi, let the Chief Minister tell the Prime Minister that he is unable to continue to carry on the administration in West Bengal under the direction of the Government of India. Let the manhood of West Bengal express itself and let us all act in unison so that the bankrupt rulers of Delhi may not distroy the unity of India and compel the minorities to live as serfs on their knees. I therefore, again suggest and we want a reply from the Chief Minister as to what is the step he proposes to take. If the Prime Minister of India sticks to his statement which he has made in Parliament and refuses every demand which we have put from the floor of the House here today, I again call upon him to honour this resolution and take steps along with us, all together, not only for the Bengalee people in Assam but I say for a far greater necessity, the interest of the unity of India and the Indian people. I hope the Chief Minister of West Bengal will rise to the occasion in the interest of everybody concerned.

[9-50—10 a.m.]

Dr. Prafulla Chandra Ghose : Mr Speaker, Sir, I rise to support the resolution which has been moved by Dr. B. C. Roy, the Leader of the House, with the hope that it would be accepted unanimously. We are all here by taking oath to the Constitution, and the Constitution has given certain fundamental rights to all citizens. The acts of mob violence in Assam are clear violations of the fundamental rights, and so it is incumbent on us, it is our duty to see that the fundamental right is ensured to all citizens in all parts of India. Today more than anybody else we are on trial; the whole Indian nation is on trial; and the Central Government is on trial—to ensure safety and guarantee that fundamental right to every citizen. But I must say that I have been sadly disappointed to read the speech of our prime Minister in

Parliament. It pains me to differ from him, much more to criticise him in strong words; but I do feel that if things go on in this way he will live to see that India is completely disintegrated, if his policy of vacillation and inaction continues.'

In the Parliament they have tried to give an impression that on economic grounds, on grounds of language consideration or on grounds of services, this movement has been there in Assam. It is entirely wrong. I went through the Civil List of Assam. Even yesterday in the Parliament one M. P. from Assam said that because there are not many Assamese police officers in the higher ranks, therefore this has happened. I consulted the 1958 Civil List—because I could not get the 1960 Civil List—there were Superrintendents of Police 27 ; Assamese 14 and Bengalees 2, others 11. Deputy Superintendents of Police-out of 69—46 were Assamese and 16 Bengalees, others 7. In this way in the Education Department D. P. I. Assamese ; Assistant D. P. I. Assamese ; Inspectors of Schools all Assamese ; Basic Education Officers all Assamese. The Director of Health Services is an Assamese. Department of Cottage Industries 32 officers of whom 26 are Assamese. I can give more illustrations showing that there is nothing like that. Assam is a multi-lingual State and consists of many people of all kinds of races and descent. There are hill tribes ; there are the Assamese ; there are the Bengali speaking Assamese ; and there are Assamese speaking people of Bengali descent. They have settled there for three or four generations. They even speak Assamese. Dr. Roy has simply given the speech of Sir Akbar Hydari.

Sir, if I had the time I could quote from the speeches of our late friend, Shri Gopinath Bardoloi and other Ministers and I also could show that the people of Assam has been indoctrinated with the spirit that Assam is for the Assamese. Assamese think that they belong to a certain race. That is the trouble. The Bengalees are not included, the Khasis are not included. That is the position. Sir, if I had the time I could prove it to the hilt that the indoctrination was, like the Nazi indoctrination in Germany, they believe in the theory of one land, one race, one language and one faith. This has dominated the mind of the Assamese for so many years and that is wholly responsible for this trouble. Unless that indoctrination goes, this thing here and that thing there will only act as palliative. That is no curative. You know, Sir, that even the images worshipped by the Bengalees during the riot were desecrated. Before the riot actully took place, Bengalee ladies were threatened for giving '*Uludhwany* and *Sankhayadhwany*' during the time of worship. I have heard from a reliable source that even after the riots when he had been to Assam, he found that in his presence the President of Assam Mahilla Samity rebuked the Bengali ladies saying-"why are you on sari you must put on 'Mekhola'. That means if you are to remain in Assam, you must put on 'Mekhola'. They said—why there should be Bengali Schools. Remove the Bengali Schools. There Should be no Bengali Schools. All these means that what, ever they dictate, the Bengalis will have to do. They are not allowed to blow even conches. This is what is going on there. There is considerable oppression and frustration prevails there. It is absolutely wrong to say that the Bengalis have an overwhelming percentage of people in the Assam Government service. The Assamese want the whole service for them. I think even then they will not be satisfied. I know that there are people who are not even graduates, but they are Deputy Magistrates in Assam. They have created a position where,

While applying one man writes as regards my qualification I beg to state that I am an Assamese by descent. The Prime minister says—Assam Government is quite good. Bimala Prosad Chaliha is the cementing factor. But I can tell our Prime Minister that some water has been added to that cement so that it does not bind any more today. The Bengalees who have come back do not want to go back. Therefore, what we have suggested in this resolution is the very minimum that could be suggested. I must tell you that it is the greatest common measure of all the parties including the Congress, Communist, P. S P. and every party. I am ashamed to find that our Prime Minister is trying to make capital out of one thing i. e. the reports in the papers are exaggerated. I congratulate the papers of Calcutta for bringing the truth. I do not say that every line of what they have written is correct. In this time of stress and trouble there may be mistakes and they are bound to be, specially when the Government is unhelpful. I know responsible people have written letters to me and afterwards they have met me. Those letters have not reached me up till now. It means that censure is going on. All these are very bad. I can tell you, Sir, that these papers have done signal service to India. If they would not have done it, they would done a disservice to India. Sir, recently I was in Bihar for a week and some friend of mine—a member of the Rajya Sabha—told me that in North India papers there was not much about incidents in Assam because I know that the Press of North India is controlled by the Capitalists there but here some Press has tried to give a true picture of what is going on there which may not be palatable to the Assam people or the Assam Ministers.

[10—10-10 a.m.]

There is talk of rehabilitation only but, Sir, I want to say it is simply bypassing the main issue—to talk of rehabilitation only. There will be no rehabilitation unless there is a sense of security. That is an absolutely correct thing. You cannot bring security by bringing one thousand tons of corrugated iron sheets. You can only bring that by taking stern measures and strong measures which our Government is not willing to do. That is the position. I am told, Sir, that in Assam Bengalees are treated as class II citizens and if Pandit Nehru would have lived in that condition, he would have realised it. I am pained to say that he has said in the Parliament that neither the Bengalees nor the Assamese can make a proper assessment of the thing. I tell you, Sir, even Pandit Nehru sitting in Delhi cannot make proper assessment of the thing. It is absurd to say that there are no men in Bengal who can assess the truth. It is an insult on the Bengalees, I should say, which our Prime Minister has done. I do say, Sir, some of them are obsessed with ideas of domination and imperialistic ideas in Delhi. They cannot appreciate the truth If what has been done in Assam had been done in Bengal, they would have pounced upon us and said, 'this is Bengal, what they are doing'. They say Bengal is suffering from superiority complex. I do not say for a moment that there are not a bad men among the Bengalees to say that but by and large Bengalees are the least parochial people in India, I can say that, and if they continue in this way, then I think they would compel the Bengalees to help this process of disintegration which Pandit Nehru is trying to do. Therefore. I say, Sir, if Pandit Nehru wants really to solve the problem—I say

he is on trial today—he must take strong measures and strong steps so that security can come to the Bengalees who may live with honour and dignity in Assam. With these words, Sir, I support this resolution in its entirety.

Shri Hemanta Kumar Basu : স্পীকার মহোদয়, আসামের বর্বরোচিত পাশবিক, অমানুষিক, যে ঘটনা ঘটেছে তার প্রতিবাদে এবং প্রতিকারের জন্য সারা বাংলাদেশের এবং ভারতবর্ষের বহুস্থানে যে বিরাট অসন্তোষ সৃষ্টি হয়েছে, সেদিক থেকে বাংলাদেশের সকল দল, ও সকল মতের লোক, তারা এর প্রতিবাদ ও প্রতিকারের জন্য আন্দোলন চালিয়ে যাচ্ছে। কংগ্রেস ও এই বিষয় নিয়ে তাদের যা কর্ত্তব্য তা তাঁরা করছেন। সকল দল, সকল পার্টি—Forward Block, R. S. P., P. S. P., Communist Party - তারা সকলেই তাদের কর্ত্তব্য করছেন। এবং আপনি, Sir, এই মাত্র চার জন M. L. A.র নাম ঘোষণা করলেন, তাঁরা, ভারত গভর্ণমেণ্ট এই পরোক্ষভাবে আসামের হত্যা কাণ্ডের পিছনে যে সমর্থন দেখিয়েছে, বা আসামের ঘটনাগুলি ধামা চাপা দেবার চেষ্টা করেছেন, তার প্রতিবাদের জন্য যারা এখান থেকে গিয়েছিলেন, তাদের এই চারজন M. L. A.র নাম ঘোষণা করেছেন।

আমাদের পার্টির দিক থেকে আমাদের দাবী ছিল স্বতন্ত্র এবং আমরা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে তা দিয়েছি। কিন্তু আমরা সকল দল একত্র হয়ে এক মত হয়ে, Assemblyতে সর্ব্বসম্মতভাবে একটি প্রস্তাব গ্রহণ করে যাতে আমরা ভারত গভর্ণমেণ্ট ও পণ্ডিত জহরলাল নেহরুকে সেই মত গ্রহণ করাতে পারি; সেই মতের মতন যাতে তিনি কার্য্য করেন, তাঁর নীতিকে এই প্রস্তাব প্রভাবিত করতে পারে সেইজন্য আমরা এখানে সকলে সমবেত হয়েছি, এবং মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব আমাদের এখানে উপস্থিত করেছেন তা আমরা সকলে মিলে সমর্থন করছি। আজকে সংবাদপত্রে পণ্ডিত নেহরুর যে বক্তব্য আমরা দেখেছি ও শুনেছি, আমাদের মুখ্যমন্ত্রীর এই প্রস্তাবের এক প্রতিলিপি পূর্ব্বেই ভারত গভর্ণমেণ্টের কাছে এবং পণ্ডিত জহরলাল নেহরুর কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। কিন্তু জানি না এই প্রস্তাব তাঁর নীতিকে বা বক্তব্যকে কোনভাবে প্রভাবিত করতে পেরেছে কি না। কাজেই সেই দিক থেকে আজ পণ্ডিত জহরলাল নেহরুর যে বক্তৃতা এবং আমাদের দাবীকে তিনি যেভাবে অগ্রাহ্য করেছেন তাতে নিশ্চয়ই তাঁর বিবৃতির আমরা ঘোরতর প্রতিবাদ জানাচ্ছি এবং এর প্রতিকারের রাস্তা আমাদের খুঁজতে হবে। এই প্রস্তাবের উপর আমাদের বিরোধী দলের নেতা জ্যোতি বসু মহাশয় সে কথা বলেছেন যে, যদি সম্ভব হয়, তাহলে এখান থেকে একটা delegation গিয়ে পণ্ডিত জহরলাল নেহরুর সঙ্গে দেখা করা এবং আমাদের বক্তব্য বলা। যদি আমাদের এই প্রস্তাব সম্পূর্ণ অগ্রাহ্য হয়, বাংলাদেশের জনমতের এই দাবী যদি গ্রহণ না করা হয়, যদি বাংলা গভর্ণমেণ্ট তার বিরুদ্ধে কোন প্রতিকারের রাস্তা গ্রহণ না করেন তাহলে বাংলাদেশের জনমত বিশেষভাবে বিক্ষুব্ধ হয়ে উঠবে সে বিষয় কোন সন্দেহ নেই। কিন্তু আজকে এখানে এটা আলোচ্য বিষয় নয়। যদি পণ্ডিত নেহরুর সঙ্গে দেখা হয় তাহলে তিনি কি বলেন সেটা শুনে তারপর আমাদের রাস্তা গ্রহণ করতে হবে। আমরা জানি পণ্ডিত নেহরুর কাছে কোন কাজ সহজে আদায় হয় না। আপনি জানেন, Sir, নাগারা যেভাবে তাদের আন্দোলন চালিয়ে যাচ্ছিল, প্রথমে পণ্ডিত নেহরু বললেন যে তাদের সঙ্গে কোন কথাই বলবেন না। কিন্তু পরে তিনি বাধ্য হয়েছেন, নাগারা যেভাবে চাপ সৃষ্টি করেছিল তার ফলে তাদের সঙ্গে একটা মিটমাট করতে। বম্বে ও গুজরাট বিভিন্ন দুইটি রাজ্যে পরিণত করবার জন্য তারা যে দাবী করেছিল সেই দাবীও তিনি প্রথমে স্বীকার করেন নি। কিন্তু অনেক আন্দোলনের পর, অনেক আত্মদানের পর তবেই তিনি স্বীকার করলেন যে, হাঁ, বম্বে ও গুজরাট,

টি বিভিন্ন রাষ্ট্রে পরিণত হোক্। এইভাবে অন্ধ State গড়ে উঠেছিল। পণ্ডিত জহরলাল নেহেরুর কাছে সহজে কোন দাবী আদায় হওয়া খুব কঠিন। তবুও আমরা আশা করি, আমাদের Assemblyতে যে প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ হবে সেই প্রস্তাবের পর নিশ্চয়ই তিনি কিছু দাম দেবেন, এবং আমরা আশা করি বাংলা দেশের জনমতের প্রতি তিনি নিশ্চয়ই কিছু শ্রদ্ধা দেখাবেন। কারণ আসাম শুধু আসামীদের জন্য নয়, বাঙ্গালী ছাড়াও অন্যান্য শ্রেণীর লোক ও সেখানে রয়েছে। কাজেই সেইদিক থেকে আসামে বাঙ্গালী ও অন্যান্য শ্রেণীর লোকের নিরাপত্তা ও Securityর প্রতি দৃষ্টি রেখেই সেইভাবে নীতি গ্রহণ করবেন। এই lawlessness বা দুর্নীতির যদি প্রশ্রয় দেন তাহলে ভারতবর্ষের অন্যত্র ও এই রকম lawlessness দেখা দিতে পারে। এতদিন ভারতবর্ষে যে ঐক্য গড়ে উঠেছে তা ব্যাহত হবে। এই কথা বলেই আমি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন তা সমর্থন করছি এবং সকলকে তা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

[10-10—10-20 a.m.]

Shri Jatindra Chandra Chakravorty: মাননীয় স্পীকার মহোদয়, আমরা সকল দল মিলে যখন এই সর্বসম্মত প্রস্তাবের খসড়া তৈরী করেছি তখন এমন কিছু বলতে চাই না যাতে তিক্ততার সৃষ্টি হয়। তবে লোকসভায় আমাদের প্রধানমন্ত্রী যে বক্তৃতা দিয়েছেন তাতে আমরা শুধু ক্ষুব্ধ হইনি, আমরা অপমানিত বোধ করছি। কারণ, আমরা তদন্ত চেয়েছিলাম কিন্তু সেই তদন্তের প্রয়োজন কেন নেই সেকথা তিনি আমাদের বলেন নি। শুধু তাই নয়, পণ্ডিত নেহেরুর গতকালের বক্তৃতায় আমরা দেখেছি যে তিনি ঐ বর্বর অসমীয়া যারা এই ধরণের নারকীয় হত্যাকাণ্ড এবং মা, বোনদের উপর অত্যাচার করেছে তাদের সাথে বাঙ্গালীদের এক পর্য্যায়ে ফেলে বলেছেন যে তাঁরা পরস্পর হানাহানি করেছে। বাঙালী এবং বর্বর অসমীয়াদের একই পর্য্যায়ে ফেলে তিনি যে জঘন্য প্রচার করেছেন তার শেষ হতে পারে যদি জুডিসিয়াল এনকোয়ারী হয় এবং এই জুডিসিয়াল এনকোয়ারীর মধ্য দিয়েই প্রমান হবে যে বাঙালী এবং অসমীয়ারা কোনক্রমেই একই পর্য্যায়ে পড়তে পারে কিনা। তারপর তিনি বলেছেন যে আসামীস্ আর এ ফাইন সেট অব পিপল। আমি অবশ্য আসামের সমস্ত সাধারণ মানুষকে দোষী করব না কিন্তু এই "ফাইন সেট অব পিপল" কারা? যারা আসামীদের এবং নাগাদের মধ্যে "ডিস্ইউনিয়নের" বীজ বপন করেছে এবং যার ফলে একটা নূতন হিল ষ্টেটের দাবী স্বীকৃত হয়ে তা' তৈরী হয়েছে এবং যারা বাংলা দেশের মত একটা দেশ অর্থাৎ যেখানে জাতীয়তাবাদের ভিত্তি দৃঢ় তাকে পর্য্যন্ত ডিস্ইউনিয়নের দিকে নিয়ে যাচ্ছে এবং সেই সমস্ত অসমীয়া নেতা এবং রাজনীতিবিদ্রাই হচ্ছেন তাঁর বন্ধু এবং আজকে তাঁরাই হচ্ছেন "ফাইন সেট অব্ পিপল"।

তার, সংবাদপত্র সম্বন্ধে আজ বিরোধীদলের নেতা এবং ডাঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ মহাশয় বিশেষ ভাবে আলোচনা করেছেন। কিন্তু পার্লামেন্টারী ডেলিগেসনের নেতা শ্রী এ. পি. জৈন বাংলা দেশের সংবাদপত্রের উপর যথেষ্ট কটাক্ষপাত করেছেন এবং বিশেষ করে তারমধ্যে অমৃতবাজার পত্রিকার নাম নিয়েছেন। আমি এ প্রসঙ্গে বলতে চাই যে, অজিত প্রসাদ জৈন শুধু নয়, তাঁর পিতৃদেবের জন্মের আগে বা তাঁরও জন্মের আগে হয়ত এই অমৃতবাজার পত্রিকা প্রতিষ্ঠিত হয়েছে। সে যা' হোক্, বাংলাদেশের সমস্ত সংবাদপত্র—আনন্দবাজার, যুগান্তর, বসুমতী, অমৃতবাজার, হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড ও ষ্টেটস্ম্যান—তারা বাংলাদেশের মুখ ও মান রক্ষা করেছে, বাংলাদেশের চোখের জল মুছিয়েছে এবং তার চেয়েও বড় কথা হোল যে তাঁরা বাঙালীকে কাপুরুষ হতে না দিয়ে তাঁদের লেখনীর মধ্য দিয়ে বাংলাদেশের শান্তি বজায় রাখার জন্য নির্ভিকভাবে এবং এমনকি পণ্ডিত নেহেরুর ভ্রুকুটিকে পর্য্যন্ত উপেক্ষা করে কাজ করে গেছে এবং যারা অপরাধী তাদের

জনসাধারণের সামনে তুলে ধরেছে। স্যার আমি মনে করি যে, যতদিন পর্য্যন্ত বাংলাদেশের সংবাদপত্রের এই ভূমিকা থাকবে ততদিন পর্য্যন্ত পণ্ডিত নেহেরুর কোন ক্ষমতা নেই যে তাঁদের কণ্ঠরোধ করে। কারণ, তাঁদের কণ্ঠ আর বাংলাদেশের কোটি কোটি মানুষের কণ্ঠ আজ এক সাথে মিলেছে এবং সেই কোটি কোটি মানুষের কণ্ঠের প্রতিধ্বনি আজ সংবাদপত্রের মধ্য দিয়ে বেরিয়েছে। স্যার, আজকে যে প্রস্তাব মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের এখানে উপস্থিত করেছেন আশাকরি তা' সর্বসম্মতভাবেই গৃহীত হবে। কিন্তু এ প্রসংগে আমি একটা কথা বলতে চাই যে, মুখ্যমন্ত্রীর সংগে হাত মেলাবার জন্য আমরা আমাদের অন্যান্য দাবীগুলি ফেলে রেখে শুধুমাত্র ন্যূনতম দাবী উপস্থিত করেছি। কিন্তু তার পেছনে যদি স্যাংসন না থাকে তাহলে শুধু প্রস্তাব গ্রহণ করলেই কাজ হবে না। আজ আমরা দেখছি যে পণ্ডিত নেহেরু পরোক্ষ ভাবে ঘুরিয়ে বলেছেন যে জুডিসিয়াল এনকোয়ারী এখন যদি না নাও হয় পরে হয়ত হবে। কিন্তু আমার বক্তব্য হোল যে, নির্দ্দিষ্ট সময়ের মধ্যে এই প্রস্তাব কার্য্যকরী করতে হবে এবং জুডিসিয়াল এনকোয়ারীও করতে হবে। অপরাধের সমস্ত প্রমাণ মুছে ফেলবার পর জুডিসিয়াল এনকোয়ারী করলে চলবে না। স্যাংসন সম্বন্ধে আমি বলছি যে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করার পর কেন্দ্রীয় সরকার যদি তা' না মানেন তা'হলে আমাদের সামনে কি পথ খোলা থাকবে? এই প্রসঙ্গে আমি মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে, সর্বসম্মত প্রস্তাব যা' আজ এখানে গৃহীত হবে তা' যদি কেন্দ্রীয় সরকার না মানেন বা তার মর্য্যাদা না দেন তা'হলে এই তাসের ঘর রাখার অর্থাৎ এ্যাসেম্বলী রাখার কি প্রয়োজন আছে—লেট আস্ পুল ডাউন দিস্ হাউস্ অব কার্ডস্। সেইজন্য আমি মুখ্যমন্ত্রীর কাছে, লোকসভার কাছে, কংগ্রেস সদস্যদের কাছে এবং বিরোধীদলের নেতাদের কাছে আবেদন জানাচ্ছি যে আসুন আজ আমরা এক সাথে দেশ, সমাজ ও জাতীর স্বার্থে এবং তাকে সকলের উপর রেখে আমাদের যে সমস্ত দলাদলি ও পার্টিগত বৈষম্য আছে তা' ভুলে সকলে একসংগে পদত্যাগ করি এবং তারপর দেখতে চাই যে কি করে পণ্ডিত মতিলাল নেহেরুর পুত্র পণ্ডিত জহরলাল নেহেরু বাংলাদেশে এসে এই দেশ শাসন করে। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, আমাদের এই দাবী যদি উপেক্ষিত হয় তা'হলে বাংলাদেশে যে বিক্ষোভ সুরু হবে এবং যে বিরাট আন্দোলন আরম্ভ হবে তার দায়িত্ব তিনি কেন নেবেন? আমি বলতে চাই যে, বাংলা দেশের সেই বিরাট আন্দোলনের দায়িত্ব পণ্ডিত নেহেরু নিক্ এবং তা মোকাবিলা করবার জন্য তিনিই এখানে আসুন। যা'হোক, এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি মুখ্যমন্ত্রী, মন্ত্রীসভা এবং আমরা যাঁরা এখানে আছি তাঁদের কাছে আবেদন জানাচ্ছি যে, যে প্রস্তাব আমরা পাশ করতে যাচ্ছি তার পেছনে যদি স্যাংসন না থাকে তা'হলে কেন্দ্রীয় সরকার তা' মানবেন না। তারপর মুখ্যমন্ত্রীর কাছে আমার আবেদন যে তিনি আজ জীবনের সায়াহ্নে এসে এবং প্রভাব, প্রতিপত্তি সব কিছু পেয়ে কিসের মোহে এই গদি আকড়ে পড়ে থাকবেন, কেন আমাদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে প্রমাণ করতে পারবেন না যে আমার কাছে দেশ ও জাতির থেকে দল বড় নয়। এই আবেদন জানিয়ে আমি এই প্রস্তাব সমর্থন করছি।

Shri Subodh Banerjee: স্পীকার মহাশয়, আসামের যে ঘটনা ঘটেছে এর নিন্দা করে না এমন কোন সুস্থ মস্তিষ্ক লোক আছে বলে আমার ধারণা নেই। কারণ ওখানে শুধু যে সম্পত্তি নষ্ট হয়েছে বা সাধারণের জীবন গেছে তা নয় সমস্ত সভ্য জগৎ যাকে নিন্দা করে সেই নারীর উপর পাশবিক অত্যাচার হয়েছে। এই সমস্ত কাজের নিন্দা করার জন্য যে ভাষা ব্যবহার হওয়া দরকার সে ভাষা ব্যবহার হয়নি। বরং পার্লামেণ্টে প্রধান মন্ত্রীর বক্তব্যের মধ্যে যা প্রকাশিত হয়েছে তাতে মনে হল যে ভারতের প্রধান মন্ত্রীর এই সমস্ত দুষ্কৃতকারীদের জন্য কোথাও একটা সফট্ কর্ণার আছে। আমি জিজ্ঞাসা করি যে আসামীরা রাজ্য ভাষা করার যদি দাবী থাকে তাহলে বাঙালীকে

সেখান থেকে মেরে তাড়িয়ে দেবার কি যুক্তি আছে? আমি জিজ্ঞাসা করি যে আসামীকে রাজ্য ভাষা করার যদি প্রয়োজন থাকে তাহলে সেখানে বাঙালীর ঘর পোড়াবার কি প্রয়োজন ছিল বা বাঙালীকে মেরে ফেলবার কি প্রয়োজন ছিল বা নিরীহ মেয়েদের উপর পাশবিক অত্যাচার কি প্রয়োজন ছিল? আসামীকে রাজ্য ভাষা বলে গৃহীত করা হবে এই শ্লোগানকে সামনে রেখে আসাম থেকে বাঙালীদের উৎখাত করা হচ্ছে। আমি জিজ্ঞাসা করি, কোন একটি রাজ্যে যদি বিভিন্ন ভাষাভাষী লোক এবং এক একটি বৃহৎ ভাষাভাষী লোকের এই কাজকে যদি প্রশ্রয় দেওয়া হয় তাহলে সেই রাজ্যের বিভিন্ন ভাষাভাষী লোকের সিকিউরিটি কোথায় থাকে? আমি জিজ্ঞাসা করি যে বিহারে হিন্দি ভাষাভাষী সেকশন বলে যে হিন্দী ভাষাভাষী ছাড়া আর কেউ থাকবে না, বা মহারাষ্ট্র গুজরাট ইত্যাদি দক্ষিণের মহল যদি এই রকম কথা বলতে থাকে এবং এই রকম জিনিস ঘটতে থাকে তাহলে প্রিলিমিনারী প্রাইমারী ডেমোক্রেটিক রাইটস অব দি পিউপিল কোথায় রইল। গণতন্ত্রের ধ্বজাধারী প্যানিচিউড এইসব বড় বড় কথা বলেন, গণতন্ত্রের বাণী সারা জগতকে পণ্ডিত নেহেরু শোনান তিনি কি এই জিনিস দেখতে পাচ্ছেন না? এই রকমের ধরণের জিনিষকে সমর্থন করলে ভারতবর্ষের কোন রাজ্যের ভাষাভাষী লোকদের সিকিউরিটি অফ লাইফ, সিকিউরিটি অফ প্রপার্টি এবং অনার এ্যাণ্ড চ্যাসটিটি অফ উইমেন থাকতে পারে না।

[10-20—10-30 a.m.]

এর প্রতিবাদ কি হবে না। তিনি খবরের কাগজের নিন্দা করেছেন। অনেকে বলেছেন, এবং আমরাও বহুবার বলেছি যে বড়লোক পুঁজিপতিদের দ্বারা অধিকৃত সংবাদপত্রের সংগে আমাদের মূলগত প্রভেদ আছে। এও ঠিক হয়ত তাদের এই সংবাদ পরিবেশনের মধ্যে কিছু বাহুল্য থাকতে পারে বাহুল্য থাকা অসম্ভবও নয় কারণ তাঁদের সমস্ত রকম সুযোগ দেওয়া হয়নি আসামে গিয়ে সংবাদ সংগ্রহ করার, কিন্তু তবুও আমার জিজ্ঞাস্য পণ্ডিত নেহেরু যেরকম কেবলমাত্র সংবাদ পত্রের উপর ঝাল ঝাড়লেন সেই রকম তীব্র ভাষায় কেন আসামের সেই সমস্ত কংগ্রেসী কর্মকর্তা যাঁরা তাদের উস্কানী দিয়েছেন, আসামের মন্ত্রীরা যাঁরা প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে তাদের সমর্থন করেছেন, আসাম অ্যাডমিনিসট্রেশনের বড় বড় অফিসার যাঁরা এই সমস্ত কাজে ইন্ধন যুগিয়েছেন তাদের নিন্দা করছেন না। আসামের সেই সমস্ত লোক they are a class by themselves, তারা আসামী নয়—সেই সমস্ত গুণ্ডা যাদের কোন জাত নেই তাদের তো তিনি নিন্দা করলেন না। তিনি বলেছেন আসামীরা খুব ভাল লোক—আমাদের দেশের জনসাধারণ চিরকালই ভাল লোক, জনসাধারণ খারাপ হয় না কিন্তু গুণ্ডারা গুণ্ডাই। জনসাধারণের পর্যায়ে তাদের ফেলা ঠিক নয়। আমি ইমপ্লিকেশনটা জিজ্ঞাসা করি। এত কথা বলেন ব্রাকেট করলেন—যারা ক্ষতিগ্রস্ত তাদের সংগে দুষ্কৃতকারীদের ব্রাকেট করলেন। যাই ইমপ্লিকেশন কি বলতে চান—যারা দুষ্কৃতকারী তারা সব ভাল লোক আর যারা অত্যাচারিত হল তারা ভাল লোক নয় এই কি? বাঙালীর উপর এত রাগ কেন—তাঁদের অপরাধ কি জিজ্ঞাসা করতে পারি কি? এই দেশ বিপ্লবের পীঠস্থান—পণ্ডিত জহরলাল নেহেরু ইটন এবং হ্যারোতে যখন ইংরেজী কেতা দুরস্ত আয়ত্ত করছিলেন তখন থেকেই এ জিনিষ বাংলাদেশে আরম্ভ হয়েছে। তারপর তিনি ব্যারিষ্টার হয়ে যখন পসার জমাতে চেষ্টা করছিলেন তখন এ দেশের মানুষ বৈপ্লবিক আন্দোলন করে এগিয়ে গেছে। বাঙালীকে জাতীয়তাবোধ, জাতীয় আন্দোলন, বিপ্লবী চেতনা এই সমস্ত জিনিষ পণ্ডিত নেহেরুর কাছ থেকে শিখতে হয় তাহলে এটা অত্যন্ত দুঃখের কথা। ক্ষমতা হাতে পেয়ে তিনি বড় বড় কথা বলছেন। আমি এটা পরিষ্কার মনে করি যে তার কাছ থেকে শেখার মত জিনিষ অন্ততঃ বাঙালীর কিছু নেই।

এই জাতীয়তাবোধ বৈপ্লবিক ঐতিহ্য বাঙালী পজেস্ করে বলে কি আজ তারা এরকমভাবে ট্রিটেড হবে—বিমাতাসুলভ ব্যবহার পাবে। অসমীয়াদের ভাল বলেছেন,

এ বিষয়ে আমার কিছু বক্তব্য নেই, আমিও মনে করি জনসাধারণ ভাল কিন্তু সেটা তো ক্যাটিগরিক্যালী বলতে হবে। দুষ্কৃতকারীদের নিন্দার একটা কথাও তিনি উচ্চারিত করবেন না। তিনি বলেছেন জুডিসিয়াল এনকোয়ারী করবেন না। কেন করবেন না? সেটা জিজ্ঞাসা করতে পারি কি? তিনি জানেন যে আসাম কংগ্রেসের এক বিরাট অংশ এই দাঙ্গা হাঙ্গামার প্ররোচনা দিয়েছে প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে এবং আসাম সরকার নিষ্ক্রিয় থেকে এই দাঙ্গাকারীদের সাহায্য করছে, আসামে সরকারী কর্মচারীরা বিশেষ করে পুলিশ বাহিনী এ ব্যাপারে উস্কানী দিয়েছে, আগুন ধরিয়েছে—পাছে এ ভাল বেরিয়ে পড়ে জুডিসিয়াল এনকোয়ারী করলে তাই তাকে চাপা দিতে হবে।

আমি সর্বশেষে একটা কথা বলবো জনগণের ঐক্য কাণ্ডামেণ্টালে টাস্ক। এর সাথে এবং বিভিন্ন রাজ্যে বিভিন্ন ভাষাভাষী লোকের সমস্ত জায়গা থেকে, এর প্রতিবাদ হউক। কেবল বাঙ্গালী বলে আমি প্রতিবাদ করছি না। আমরা দেখছি এই ট্রেণ্ড যদি গড়তে থাকে তাহলে বিহারে অন্যান্য ভাষাভাষী যে লোক রয়েছে তাদের সিকিউরিটি রইল না, বাংলাদেশে অন্যান্য ভাষাভাষী যে লোক রয়েছে তাদের সিকিউরিটি প্রশ্ন বানচাল হয়ে গেল, অন্যান্য রাজ্যে বিভিন্ন ভাষাভাষী যে লোক রয়েছে তাদের সিকিউরিটি বানচাল হয়ে গেল। এদিক থেকে সমস্ত জায়গা থেকে প্রতিবাদ হওয়া উচিৎ এবং আমাদের এই ন্যায়সংগত দাবী আদায় করার জন্য মিলিতভাবে আন্দোলন গড়ে তোলা উচিৎ এই আবেদন করে আমি এই প্রস্তাবকে সমর্থন করছি।

Shri Amarendra Nath Basu : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মুখ্য মন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি, এবং সেই প্রস্তাব কে সমর্থন জানাবার সময় বিরোধী দলের নেতা শ্রীযুক্ত জ্যোতি বোস মহাশয়-তাঁর যে বক্তব্য রেখেছেন সেটাও আমি সমর্থন করি।

গত তিন মাস আসামের উপর দিয়ে যে ঝড় বয়ে গেল, তাতে এটা বুঝেছি—যে এ দেশে আমরা কংগ্রেস শাসনের মধ্যে যে ভাবে বাস করছি সেখানে আমাদের দেশের মানুষের জীবনের কোন মূল্য নেই, নারী জাতির সম্মান, ইজ্জতের কোন দাম নেই। যে সমস্ত লোক আসামের ঘটনা প্রত্যক্ষভাবে দেখে এসেছেন তাঁদের কাছ থেকে যা শুনেছি বা সংবাদ পত্রের মারফৎ যে সকল ঘটনার কথা প্রকাশিত হয়েছে—তাতে আমার মনে হয়—আমরা সভ্য দেশে বাস করছি না। আজকে আমাদের দেশের দুরবস্থা আরও এগিয়ে না যায়, আরও নেমে না পড়ে সেই জন্য আমরা এই প্রস্তাবটি সর্বান্তঃকরণে সমর্থন করছি। শুধু আমাদের জন্য নয়, ভারতবর্ষের ঐক্য ও একতা বজায় রাখার দিকে নজর রেখে এটা আমরা গ্রহণ করেছি। গত তিন মাস ধরে কমিউনিষ্ট পার্টি এবং অন্যান্য বামপন্থী দলগুলি—তারা বুদ্ধি হারায়নি, তারা অবুঝও হয়নি, তারা সঠিক পথে বাংলাদেশে এই আন্দোলন চালিয়ে গিয়েছে এবং এই আন্দোলন চালনার সঙ্গে, তারা অন্যান্য প্রদেশ বাসীর প্রত্যেকের সহযোগিতা গ্রহণ করেছে, তাদের বোঝাতে পেরেছে। বাংলাদেশে যে একটা অসংযমের ভাব এসে ছিল, একটা গোলমাল বাঁধবার ভাব দেখা দিয়ে ছিল—তা বাংলাদেশের বামপন্থী দলগুলির আন্দোলনে সেই অসংযমকে সংযত করতে পেরেছে। এখানে আর একটা বড় কথা—যে আজ আমরা কংগ্রেসীদের পাশে পেয়েছি। আজ আমরা এই সভায়—উভয় দিকের সকল দল মিলে, প্রত্যেকটি দলের সভ্যরা মিলে একটা প্রস্তাব গ্রহণ করেছি। এই প্রস্তাবটি গ্রহণ করবার সময় আমি এই কথা বলতে বাধ্য হচ্ছি—কংগ্রেসের সঙ্গে আমাদের ঝগড়া—জনতার স্বার্থের জন্য আমরা ঝগড়া করে আসছি—এবং এখনও করবো এবং ভবিষ্যতেও করবো। কিন্তু এ কথা আমরা বলতে পারি আসামের যে দুরবস্থা, সেই অবস্থার দিকে চেয়ে যে প্রস্তাব আমরা গ্রহণ করেছি—সেই প্রস্তাব যাতে সত্যিকারের কার্য্যকরী হতে পারে সেদিকে নজর রেখে আমরা একত্রে ও

মিলিতভাবে আন্দোলন ও সংগ্রামের মধ্যে যদি পা বাড়িয়ে দিতে পারি, তাহলে তারজন্য আমি সুখী হব। আমার বিশ্বাস ডাঃ বিধান চন্দ্র রায় এই কথা কেন্দ্রকে জানিয়ে দেবেন যে আমাদের প্রস্তাব গ্রহণ না হলে তিনি পদত্যাগ করবেন। অর্থাৎ তিনি জানিয়ে দিন যে শ্রীজহরলাল নেহেরু তাঁর নিজের মন মত সরকার এখানে গড়ে নিন। তাহলে নিশ্চয়ই এই প্রস্তাব গৃহীত হবে, তাতে কোন সন্দেহ নেই। কারণ আমাদের চেয়ে আসামে তাঁর প্রিয়পাত্রের দিকে চেয়ে তিনি যে কাজ করতে যাচ্ছেন, তার বাধা যদি বাংলাদেশে এই ভাবে হয় তাহলে তিনি চিন্তা করে দেখবেন—আসামের বন্ধুদের হারাবো না বাংলার বন্ধুদের হারাবো ?

সেই জন্য গোড়া থেকে যে কথা আমরা মাঠে ঘাটে বলে আসছি,—আজ ও সেই কথা বলছি—ডাঃ বিধান চন্দ্র রায় এই প্রস্তাবটা যাতে কেন্দ্র গ্রহণ করে তার জন্য জ্যোতি বাবু যে প্রস্তাব দিয়েছেন, যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্য অনুযায়ী সকল দলের মানুষকে সঙ্গে নিয়ে তিনি দিল্লী যান এবং পণ্ডিত নেহেরুকে রাজী করান।

দিল্লীতে বাংলার যে সমস্ত এম, পিরা আছেন কংগ্রেস দলের, তাঁরা একটা সংশোধনী প্রস্তাব এনেছেন, সেই সংশোধনী প্রস্তাবটা হয়ত গৃহীত হতে পারে। কিন্তু সেখানে আমার একটু বক্তব্য আছে—তার দ্বারা কোন ফল হবে না। কারণ 'যথা সময়'—এই কথার কোন দাম নেই। 'যথা সময়'—আমি মনে করি এই সময়। যদি বিচার বিভাগীয় তদন্ত এই সময় সুরু না হয়, তাহলে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে বক্তব্য বলেছেন, সেই বক্তব্যের কোন মূল্য থাকে না। যে সমস্ত লোক আসাম হতে চলে এসেছে তাদের যদি আবার আসামে পুনর্বাসন করতে হয় তাহলে এক্ষণি বিচার বিভাগীয় তদন্ত করা দরকার,—যথা সময় নয়।

Shri Sudhir Chandra Roy Chowdhuri : মাননীয় স্পীকার মহাশয় আমি আজ ডাঃ বিধান চন্দ্র রায় আমাদের সামনে যে প্রস্তাব রেখেছেন, তা সমর্থন করছি; আর সঙ্গে সঙ্গে ডাঃ বিধান চন্দ্র রায় যে আমাদের মুখপাত্রের ভূমিকা গ্রহণ করেছেন, তার জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

আজ আমরা যে প্রস্তাব নিচ্ছি, সেই প্রস্তাব যে গৃহীত হবে না তার পরিচয় আমরা পেয়ে গেছি। আমরা আশা করছি যে আমাদের এই প্রস্তাব বা এই আবেদন গ্রাহ্য হবে,—কিন্তু তা ঠিক নয়। আমরা সুরু থেকে দেখতে পাচ্ছি যে ভারতের নানা জায়গায় বাঙ্গালী বধযজ্ঞ সুরু হয়ে গেছে। আস্তে আস্তে তাদিগকে দুর্বল করে ফেলা হচ্ছে—দরিদ্র করে ফেলা হচ্ছে। তারপর তাদেরকে ঠেঙ্গিয়ে মারবার ব্যবস্থা হচ্ছে। কেউ কেউ আরো বলেছেন বাঙ্গালী এখনো মরে নাই। এর কোন অর্থ হয় না। কোথায় তার জীবন ? কোথায় সে বেচে আছে ? সে যে বেঁচে আছে তার প্রমাণ এখন পর্যন্ত হয় নাই। তা নাহলে যে অত্যাচার বাঙ্গালীর উপর হয়ে গেল বা দিনের পর দিন হয়ে যাচ্ছে তা রোধবার কোন ব্যবস্থা আজ পর্যন্ত কোন নেতা দেশের সামনে রাখেন নাই। আজ পণ্ডিত জওহরলাল নেহেরু পরিষ্কার বলে যাচ্ছেন তিনি কিছু করবেন না। অশোক সেনকে আসামে পাঠিয়েছিলেন ব্যাপারটা ধামাচাপা দেবার জন্য, পার্লামেন্টারী ডেলিগেশান ও পাঠিয়েছিলেন ওটা ধামাচাপা দেবার জন্য তিনি মনে করছেন আসামে যে আগুন জ্বলে উঠেছে, তা নির্বাপিত এইভাবে করবেন—তা কখনো সম্ভব নয়। তার যে যুক্তি তিনি দেখিয়েছেন তা অসামর্থ্যের যুক্তি, সে যুক্তি অপদার্থের যুক্তি, সে যুক্তি ক্লীবের যুক্তি। আজ ধামাচাপা দিয়ে তিনি ন্যায় বিচার থেকে দেশের মানুষকে বঞ্চিত করবেন। আমরা ন্যায় বিচার চাইলে ও তার কাছ থেকে সে বিচার আমরা পাব না। তিনি স্বীকার করেছেন—ভারতবর্ষের ভিত্তি নড়ে উঠেছে, আজ তার ঐক্যে ভাঙ্গন ধরেছে। তবু ও হাতে ন্যায় দণ্ড নিয়ে তিনি ন্যায় বিচার করবেন। আজ তিনি আসামের প্রশস্তি পেয়েছেন। তিনি আজ পক্ষপাতিত্ব দোষে দুষ্ট, আজ সেই জওহরলাল নেহেরুর কাছে

কৃপাভিক্ষা একবার করে দেখুন। কেননা আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে বাংলা দেশে—তাতে এটাই ভাবছি বিভিন্ন দল ও বিভিন্ন মত এক হয়ে একটা ছোট খাট দাবী উপস্থিত করে—তারপর যদি তারা পদাঘাত খেয়ে ফিরে আসে, এবং তারপর যদি তারা রেগে মেগে রুখে দাঁড়ায় তাহলে যদি কিছু হয়, তা নাহলে সব আস্ফালন নিষ্ফল হবে। বাঙ্গালী আজ বেঁচে নাই। কারণ আজ পর্য্যন্ত কেউ বললেন না, কেউ দেখালেন না কোন পথে কিকরে আমরা বেঁচে আছি এবং কিকরে আমরা বেঁচে থাকবো। আজ ডাঃ বিধান চন্দ্র রায় তিনি অনেক সৎসাহসের পরিচয় দিয়েছেন। তাঁর জীবনে সব কিছু তিনি পেয়েছেন অর্থ বলুন, প্রতিপত্তি বলুন, সম্মান বলুন, ভগবান তাঁকে সব দিয়েছেন, তাঁকে পরমায়ু দিয়েছেন, স্বাস্থ্য দিয়েছেন, অভাব তাঁর কিছুই নাই।

কিন্তু আজ তিনি এমন এক সন্ধিস্থলে এসে পৌছেছেন, তিনি ইচ্ছা করলে বাঙ্গালীকে রাখতে পারেন, আবার ইচ্ছা করলে চিরকালের মত বাঙ্গালীকে নিশ্চিহ্ন করে দিতে পারেন। সেজন্য যদি ক্ষমতার লোভে তিনি কংগ্রেস হাইকমাণ্ডের সঙ্গে কম্প্রমাইজ করেন তাহলে নেতৃত্বের অভাবে বিক্ষিপ্ত জনগণ আরও বিক্ষিপ্ত হবে। বাংলা দেশ বিভ্রান্ত হবে, বাঙ্গালী আরও অত্যাচারি হবে। কিন্তু আজ যদি তিনি শক্ত হয়ে দাঁড়ান, তাহলে তাঁকে দিল্লী যেতে হবে না পণ্ডিত নেহেরুকেই এখানে চলে আসতে হবে। তিনি আজ বলুন—আমি সমস্ত মন্ত্রীদের সঙ্গে এবং সমস্ত এসেম্বলী সদস্যদের সঙ্গে নিয়ে সহযোগিতা করবোনা যেহেতু সরকারের সঙ্গে, যদি তিনি ন্যায় বিচার না করেন যদি অপরাধীদের শাস্তি না দেওয়া হয়। তিনি জীবনের সায়াহ্নে এসে পৌছেছেন, ছেড়ে দিন এই মন্ত্রিত্ব, আপনার সঙ্গে সকলেই ছেড়ে দিন, সমস্ত সহযোগিতা চলে যাক্ কংগ্রেসী সরকারের সঙ্গে। বাংলা দেশে নূতন করে রাজ্য প্রতিষ্ঠা করুন, একটা পথ দেখান তাহলে বুঝবো—আপনি যে ব্যথা প্রকাশ করেছেন আপনার বক্তৃতায় সেই ব্যথার মধ্যে সত্য আছে, আন্তরিকতা আছে। আজ কেউ নেতৃত্ব করেনা, কে করবে? একটা কিছু করা দরকার। এমনি করেই আস্তে আস্তে নিশ্চিহ্ন হয়ে যাবে বাঙ্গালী! আসাম আজ করবে, পরশুদিন বিহার করবে এমনি করে এই পর্ব্ব দিনের পর দিন বছরের পর বছর চলেছে। আজ সরকার যা করছে, আমাদের এই আবেদন, নিম্নতম আবেদন যদি গ্রাহ্য না হয় তাহলে আমরা বাংলাদেশে ডাঃ বিধান চন্দ্র রায়ের নেতৃত্বে বিদ্রোহ করবো।

Shrimati Labanya Prova Ghosh : মাননীয় স্পীকার মহাশয়, আজ এই সময় বাংলার দাবী উত্থাপনের গুরুত্ব পূর্ণ মুহূর্ত্তে আমাদের সমবেত হৃদয়ের আবেদন পশ্চাতে আজিকার যে ভাব সমূহ অন্তরকে আচ্ছন্ন করে আছে, ভারতবর্ষের স্বাধীন জীবনে—তা আজ বিচিত্র। আসামে অগনিত বাঙ্গালীর প্রতি বিপথগামী অসমীয়াদের কদর্য্য নিষ্ঠুর অত্যাচার স্বাধীন জীবনে মানুষের প্রতি চরমতম অপমান ও ব্যাপক ভয়াবহ ধ্বংসের ঐতিহাসিক মনুষ্যকীর্ত্তি রূপে রচিত হোল।

ভারতের জাতীয় ঐক্য আজ সংকীর্ণ ভেদবুদ্ধির হাতে ছিন্নভিন্ন। ভারতের শাসন আজ শুধু আসামে নয় সমগ্র ভারতে বিপন্ন এবং অপমানিত। আমরা আশা করেছিলুম এই ভয়াবহ জাতীয় সংকটে আমাদের চূড়ান্ত শাসনের আসনে অধিষ্ঠিত ব্যক্তিরা এই বিভৎস্ অনাচারের বিরুধ্যে যোগ্য ক্ষোভ, দুঃখ, বেদনা, ব্যাকুলতা ও ন্যায়ের বলিষ্ঠ দণ্ড হাতে নিয়ে মানুষের জীবনে আশা ও ভরসারূপে দেখা দেবেন কিন্তু এই দায়িত্ব পদে অধিষ্ঠিত ব্যক্তিগুলির মধ্যে আমরা যোগ্যতা ও মনুষ্যত্বের যে দৈন্য দেখলুম তারই পরিপ্রেক্ষিতে তাঁদের কাছে আমাদের বিচারের আবেদন আজ উন্মুক্ত ভরসার কাছে নিশ্চিন্ত সুবিচারের আবেদন নয়—এই আবেদন আজ সন্দেহ, ক্ষোভে, অপমানে, দুঃখে ম্রিয়মান হৃদয়ের অন্তিম আবেদন বিপথগামী ভারতের নেতৃত্বের প্রতি। আজিকার এই আবেদন শুধু বাঙ্গালীর প্রতি আঘাতের প্রতিকারের জন্য আবেদন নয়। এই আবেদন লাঞ্ছিত মানবতার প্রতি সুবিচার,—

ভারতবর্ষের প্রতি সুশাসন ও ভেদবুদ্ধির ঊর্ধে সর্বভারতীয় ঐক্যের জন্য ভারতীয় নেতৃত্বের প্রতি আবেদন। বাঙালী একদিন সকল সংকীর্ণতার ঊর্ধে ভারতবর্ষকে মৈত্রী ও ঐক্যের পথ দেখিয়েছিলে। আজও বাঙালী সকল দুঃখ ও অপমানের মধ্যে আক্রোশে আত্মহারা হয় নি। ব্যাপক চক্রান্তের মধ্যেও ঐক্যের মুখ চেয়ে মানবতার প্রতি, সুবিচারের প্রতি শান্তির মধ্যে সমাধানের প্রতি আবেদন জানাবার ধৈর্য আজও বাঙালীর আছে। আমরা জানি সর্বভারতীয় শাসনদণ্ড আজ সর্বভারতীয় অখণ্ডতাকে ভাঙবার অস্ত্র রূপে পরিণত। ন্যায়ের আসন আজ নগ্নচক্রান্তের লালনভূমিতে রূপান্তরিত। এর পাপ আজ সর্বভারতীয় ন্যায়ের কণ্ঠকে চাপাদেবার কৌশলরূপে নিয়োজিত। তবু আজ আমাদের আবেদন—মানুষের শুভবুদ্ধির কাছে, মান তার কাছে। যদি আমাদের এই শেষ আবেদনও না পৌঁছয় তবে আবার বাংলাকে নেতৃত্ব গ্রহণ করতে হবে—ভারতের ঐক্যের প্রতিবন্ধক এই শক্তি গুলির বিরুদ্ধে সংগ্রামের জন্য ও অপমানিত মানুষের মুক্তি ও অধিকারের জন্য।

[10-40—10-50 a.m.]

Shri Sidhartha Shankar Roy: Mr. Speaker, Sri, it is more in sorrow and disgust that in anger that I rise today to speak.

To describe the disturbances in Assam an unfortunate manifestation of the unhealthy mentality of a large number of misguided people will perhaps be taking a lenient view of the matter. If we permit the happenings in Assam to pass without our strongest condemnation and protest we shall be disloyal to our Constitution and untrue to the cause of Indian unity. It is on these two great matters that I take my stand this morning—our Constitution and our unity.

Uniformed and self-centred people have said that our attitude is chavinistic, our outlook narrow and provincial. We have been remained by the omnipotent Prime Minister, whose infinite capacity to contradict himself at every possible stage is difficult of emulation—we have been reminded by him that we must remember that India is bigger than Bengal. Who is it, Sir, that remembered this first and foremost? Was it not the very people in Bengal who, in 1947, of their own voliton, agreed to part with more than half of their dearly beloved province, to dismember Bengal so that independent India may live, to render nearly half of their own people destiutes and fugitives so that all the people of India could bask in the sun of their newly acquired inedpencece? Were not the roads of this very city despattered scarlat by the blood of countless martyrs who died with no fear in their eyes but a prayer in their lips that India should be independent and strong, a united India of peace, the pilgrimage of all freedom-loving peoples of the world? Yes, Sir, we know that India is bigger than Bengal and it is not from Shri Jawaharlal Nehru that we are prepared to be sermonised about it. If our Prime Minister had eyes to see the state of affairs all around him and ears to hear the rumblings outside the city walls of Delhi he would have realised the dangers with which India is faced today. Nearly every aspect of his Governmental policy has failed. Economic ruination stares us in the face. Moral integrity is at its lowest ebb. Fissiparous tendencies are the order of the day. In every State narrow bickerings have not only come to stay, but more often than not are sanctified by the blessings of the party which the Prime Minster happens to lead. And now, Sir, in this Assam holocaust the very foundation of Indian solidarity and uuity has been runely shaken. The breakdown of our

Constitution, Sir, is no longer a mere writing on the wall. Deep fissures have already been allowed to appear in the great facade of our Constitution. The Chapter on FundaMental Rights was tampered upon and besmeared with blood of countless innocents at the behest of many of those who were in authority and power. Yet. Sir, our Prime Minister not only is unmoved but he has solemnly declared himself to be—if I may use the expression—immovable. Does he hot see that the dangers of allowing such a carnage to pass without an elaborat enquiry? Does he not realise that what we demand is merely this that the circumstances under which murder, rape, arson and loot, had been allowed to be-perpetrated unabated should be investigated and the guilty punished? That no Indian should be forced to leave the State of his choice. That every Indian has the fundamental right to reside and settle in every part of the territory of India?

If the Prime Minister does not realise this, if the Prime Minister does not see this, it is time for him to go to enable another to move in so that India and Indian unity may live and India may prosper, for, after all, not only India is greater than Bengal but she is also greater than Pandit Jawaharlal Nehru himself.

Mr. Speaker: There is an amendment of Shri Jagannath Kolay which has been accepted by the Chief Minister. I think the House also accepts this.

The motion of Shri Jagannath Kolay that in the third paragraph of the Special Motion, in line 4, for the word "this" the words "a complete sense of security" be substituted was then put and agreed to.

Mr. Speaker: I now put the resolution of Dr. Roy, as amended. I think there is no dissentient voice.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that—

Whereas there has been mob violence in Assam during the past few weeks, resulting in destruction of property and life and in people being forced to leave their homes and either to take shelter in camps in Assam or to migrate to West Bengal; and

Being convinced that the actions of the mob in Assam have created a new class of refugees in the Indian Union and are in direct violation of the Fundamental Rights of Citizens guaranteed under the Constitution of India; and

Realising that as a result of these violent incidents in Assam, there has been created a sense of insecurity particularly in the minds of the Bengalees resident in Assam which prevents them from returning to their original homes and places of business and that without a complete sense of security the problem of rehabilitation of uprooted humanity cannot be solved:

This Assembly recommends to the Government of India to take the following measures to restore confidence and a sense of security amongst the Bengalees resident in Assam so that they can willingly go back to Assam, namly:—

(a) Erection, as an emergent measure, of houses to which those who have lost their houses during disturbances can return immediately:

(b) In order to speed up rehabilitation of the displaced persons the grant of adequate compensation to those who have during

the diturbances lost their property and to the dependants of those who have lost their lives and disbursement of such compensation by a representative of the Central Government :

(c) Re-enforecement of law and order in Assam which has been badly shaken :

(d) Arrangements to hold a judicial enquiry into the disturbances preferably by a person who is or has been a judge of the Supreme Court for the punishment of those found guilty of creating them and for suggesting measures to prevent recurrence of such disturbances :

(e) Postponement of decisions regarding the Languege problem in Assam untill the matter has been discussed in a Conference, in which members representing groups speaking different languages in Assam can take part, and some agreement arrived at :

(f) Arrangements for deputing a Member of the Central Government to Assam to supervise generally all measures required to restore normalcy.

was then put and agreed to.

Mr. Speaker : The Resolution is carried unanimously. Next business.

Shri Jyoti Basu : নেকসট বিজনেস আরম্ভ হবার আগে আমি জানতে চাই যে এই প্রস্তাব পাশ হবার পর মুখ্যমন্ত্রী কি দিল্লীতে যাবার কথা ভাবছেন? আমাদের এটা বোঝাবার জন্য কি তাঁদের সঙ্গে কনটাকট করলে ভাল হয় না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : দেখা যাক কি হয়?

Shri Jyoti Basu : আজ তাহলে প্লেন বুক করতে হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আজ তো আপনি যাচ্ছেন?

Shri Jyoti Basu : আমি গেলে কি হবে!

Shri Deben Sen : আপনি, ডাঃ ঘোষ, শ্রীজ্যোতি বসু মহাশয় ইত্যাদি সহ দিল্লীতে যদি যান এবং সেখানে গিয়ে আলোচনা করেন তাহলে ভাল হয়।

[10-50-11 a.m.]

Adjournment Motion

Shri Deben Sen : Mr. Speaker, Sir, my adjournment motion runs thus :

That the business of the Assembly do now adjourn for the purpose of discussing a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the failure of the Government of West Bengal to advise the Central Government to take effective steps against the large-scale victimisation of Central Government employees following the last strike beginning from the midnight of the 11th July, 1960.

মিঃ স্পীকার স্যার, আমার মোশনটা অ্যাকচুয়ালী রিফিউজড হয়েছে কিন্তু আমি আপনাকে জানাতে চাই; এই যে ৮ হাজার লোক ভিক্‌টিমাইজ্‌ড হোল তাঁদের ফ্যামিলির হিসাব যদি ধরেন তাহলে ৪ জনের ফ্যামেলি যদি হয় তাহলে ৩২ হাজার লোক ভিকটিমাইজড হোল। অর্থাৎ এইভাবে একটা নিউসেন্স অব রিফিউজিজ ক্রিয়েটেড হচ্ছে। ডাঃ রায় সেন্ট্রাল গভর্ণমেন্টের সঙ্গে, ...।

Mr. Speaker : You cannot make any shuch.

Dr. Ranendra Nath Sen : Sir, my motion runs thus :

The House do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the situation arising out of the repressive measures applied by the Government of India on its employees working in this State in the form of mass dismissal, suspension, issuing of charge-sheets, withdrawal of recognition of employees' trade unions,

demotion, etc., even after unconditional withdtawal by the empl9yees of *five days'* strike on the 17th of July, 1960, and the failure of the West Bengal Government to make adequate and effective representation to the Union Government to put a stop to the above mentioned repressive measures.

Dr, Golam.Yazdani : Sir, my motion runs thus :—

The business of the Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence namely, due to want of rains this year, the Aus crop has failed miserably in the Kharba P. S. of Malda District and also in other Aus producing areas of Malda and transplantation of Amon crop could be done to only about 4—5% in Kharba P. S. and in other Barind areas—as a result of which people are in great distress specially when no test Relief work is being started to relieve distress of the peoble.

Mr Speaker : You cannot make any speech.

GOVT. BILLS

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1960.

